

একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
(সাধারণ শাখা)

www.gopalganj.gov.bd

স্মারক নং : ০৫.৩০.৩৫০০.০০৫.২৩.০৫৩.১৯-৭৭ (১৫০)

তারিখ : ১৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : শিশু শিল্পী নির্বাচন (অডিশন)।

আগামী ১৭ মার্চ ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ কমপ্লেক্স, টুঙ্গিপাড়ায় একটি আলোচনা অনুষ্ঠান ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠান সুন্দর ও মানসম্মত করার লক্ষ্যে বিষয়ভিত্তিক শিশু/শিশুশিল্পী প্রয়োজন। অডিশনের মাধ্যমে শিশু/শিশুশিল্পী বাছাই করা হবে।


অডিশনের বিষয় ও সময়সূচি নিম্নরূপ :

ক্রমং	বিষয়	বিবরণ	তারিখ ও সময়	স্থান
০১	অডিশন (শিল্পী বাছাই)	ক. আবৃত্তি	০৭.০২.২০১৯ খ্রিঃ সকাল ১০টা (বৃহস্পতিবার)	শেখ ফজলুল হক মনি স্মৃতি মিলনায়তন গোপালগঞ্জ
খ. সংগীত		০৯.০২.২০১৯ খ্রিঃ সকাল ১০টা (শনিবার)	"	
গ. নৃত্য		১১.০২.২০১৮ খ্রিঃ সকাল ১০টা (সোমবার)	"	
ঙ. পবিত্র কোরআন তেলাওয়াত, পবিত্র গীতা পাঠ, পবিত্র বাইবেল পাঠ ও পবিত্র ত্রিপিটক পাঠ		১২.০২.২০১৮ খ্রিঃ সকাল ১০টা (মঙ্গলবার)	"	
ঘ. সভাপতি, স্বাগত বক্তা ও উপস্থাপক		১৩.০২.২০১৮ খ্রিঃ সকাল ১০টা (বুধবার)	"	

- সভাপতি ও স্বাগত বক্তা নির্বাচনের ক্ষেত্রে কেবলমাত্র ১ম হতে ৫ম শ্রেণির শিশুরা অডিশনে অংশগ্রহণ করতে পারবে।
 - উপস্থাপক নির্বাচনের ক্ষেত্রে কেবলমাত্র ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণির ছেলে ও মেয়ে শিশুরা অডিশনে অংশগ্রহণ করতে পারবে।
 - অন্যান্য বিষয়ভিত্তিক শিশু শিল্পী নির্বাচনের ক্ষেত্রে ৯ম শ্রেণি পর্যন্ত ছেলে ও মেয়ে শিশুরা অডিশনে অংশগ্রহণ করতে পারবে।
 - অডিশনে অংশগ্রহণ করতে ইচ্ছুক শিশু শিল্পীদের নামের তালিকা ০৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমী, গোপালগঞ্জ কার্যালয়ে জমা দিতে হবে।
 - প্রতিষ্ঠান/সংগঠন থেকে প্রতি বিষয়ে একাধিক ছাত্রছাত্রী/শিশু শিল্পী অডিশনে অংশগ্রহণ করতে পারবে। প্রতিষ্ঠান/সংগঠন ব্যতিরেকে প্রতিভাবান যে কোন শিশু এককভাবেও অডিশনে অংশগ্রহণ করতে পারবে।
 - কেবল গোপালগঞ্জ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ অডিশনে অংশগ্রহণ করতে পারবে। অডিশনে অংশগ্রহণের সময় প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র সাথে থাকতে হবে।
 - মূল অনুষ্ঠানের দিন কোন অভিভাবক বাছাইকৃত শিল্পীদের সাথে টুঙ্গিপাড়ায় অনুষ্ঠানস্থলে যেতে পারবেন না।
- এমতাবস্থায়, উক্ত অডিশনে তার প্রতিষ্ঠান/সংগঠন থেকে ছাত্রছাত্রী/শিশু শিল্পীরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নতুন, প্রতিভাবান এবং কম বয়সী শিশু শিল্পী অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবে।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার/সভাপতি

.....
.....
গোপালগঞ্জ।



(শক্তি মনি চাকমা)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
গোপালগঞ্জ

স্মারক নং : ০৫.৩০.৩৫০০.০০৫.২৩.০৫৩.১৯-৭৭ (১৫০)

তারিখ : ১৮ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ। সদয় অবগতির জন্য।
- ০২। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা। সংগীত ও নৃত্য বিষয়ে শিশু শিল্পী বাছাই এর জন্য তাঁর কর্তৃক নির্ধারিত (২+২) = ৪ (চার) জন বিচারক ঢাকা কেন্দ্রীয় কার্যালয় থেকে উল্লিখিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/টুঙ্গিপাড়া/কোটালীপাড়া/মুকসুদপুর/কাশিয়ানি, গোপালগঞ্জ। বিষয়টি তার উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অবহিতকরণের জন্য এবং শিশুদের ব্যাপক অংশগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণার অনুরোধ করা হলো।
- ০৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গোপালগঞ্জ। জ্ঞাতার্থে ও কার্যার্থে।
- ০৫। -----।


অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
গোপালগঞ্জ